

৫ই জ্যৈষ্ঠ ১৩২৪ বঙ্গাব্দ
৪

শরীয়তপুরে চারটি বিদ্যালয় ধমে পড়ার আশংকা

শরীয়তপুর, ২০শে আগষ্ট (সংবাদপাতা)।-শরীয়তপুর জেলার একটি সরকারী উচ্চ বিদ্যালয় ও এটি বেসরকারী উচ্চ বিদ্যালয়ের ছাদ যে কোন সময় ধমে পড়তে পারে। স্থান সংকুলানের অভাবে ৪টি বিদ্যালয়ের ছাত্ররা জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছে।

১৮৯৯ সালে প্রতিষ্ঠিত পালং তুলসীর গুরুদাস উচ্চ বিদ্যালয়টি ১৯৮১ সালে জাতীয়করণ করা হয়। কিন্তু সংস্কারের অভাবে বিদ্যালয়ের ভবনটি খুবই জরাজীর্ণ হয়ে পড়েছে। ভবনের ছাদে ফাটল দেখা দিয়েছে। বড় বেরিয়ে পড়েছে, প্লাস্টার খসে পড়েছে। ফলে ভবনটি যে কোন সময় ধমে পড়তে পারে বলে আশংকা করা হচ্ছে। কিন্তু বিকল্প কোন ব্যবস্থা না থাকায় ছাত্ররা জীবনের ঝুঁকি নিয়ে এই জরাজীর্ণ ভবনেই ক্লাস করছে।

১৮৮৫ সালে স্থাপিত চিকন্দী শরফ আলী উচ্চ বিদ্যালয়টির ছাদও যে কোন সময় ধমে পড়তে পারে। উচ্চ বিদ্যালয়ে ক্লাস করা খুবই ঝুঁকিপূর্ণ। এছাড়া ডোমসার জে. সি. ইনস্টিটিউটের মূল ভবন ও বিজ্ঞান ভবনের অবস্থা শোচনীয়। ১৯৬৭ সালে নির্মিত এই ভবনে ক্লাস করা খুবই বিপজ্জনক হয়ে পড়েছে। অর্থাৎ ছাদ পুনঃনির্মাণের কাজে হাত দেয়া সম্ভব হচ্ছে না। এদিকে জেলার কম্বকর নীলমনি উচ্চ বিদ্যালয়ের ভবনের অবস্থা খুবই জরাজীর্ণ। বিদ্যালয়ের মূল ভবনের ছাদে ফাটল দেখা দিয়েছে। ফলে ছাত্ররা জীবনের ঝুঁকি নিয়ে ক্লাস করছে।

প্রয়োজনীয় অর্থের অভাবে এ সকল বিদ্যালয় সংস্কার করা

সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়ে কোন ফল পায়নি।

ম্যাজিস্ট্রেট না থাকায়—

শরীয়তপুর সদর উপজেলা ম্যাজিস্ট্রেট পদটি দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় বিচার কাজে বিঘ্ন ঘটছে। মাঝে মাঝে উপজেলা নির্বাহী অফিসার এই দায়িত্ব পালন করলেও তিনি প্রয়োজনীয় সময় দিতে পারেন না।